দৈনিক
ইত্তেফাক

তারিখ 14 SEP 2017
পৃষ্ঠা ... কলাম ...

তিরাশিটি প্রাথমিক বিদ্যালয়ের ভবন পরিত্যক্ত

# অতি দ্রুত সংস্কার করুন

মানিকগঞ্জের সাতটি উপজেলার ৮৩টি প্রাথমিক বিদ্যালয় ভবন ঝুঁকিপূর্ণ হওয়ায় পরিত্যক্ত ঘোষণা করা হয়েছে। ভবন তৈরির উদ্যোগ না থাকায় বছরের পর বছর ধরে এসব ভবন, ভবনের বারান্দা বা সংলগ্ন খোলা মাঠে পাঠদান ও বিদ্যালয়ের কার্যক্রম চালাতে হচ্ছে। পাঠদান সচল রাখতে বিদ্যালয়ের পাশের বাড়িতেও চলছে কোনো কোনো বিদ্যালয়ের কার্যক্রম।

শুধু মানিকগঞ্জেই নয়, এ চিত্র দেশের কোনো কোনো জেলায় কম-বেশি রয়েছে। অথচ বাংলাদেশে প্রাথমিক শিক্ষার্থী ভর্তির সাফল্য ঈর্ষণীয়। প্রায় ৯৮ শতাংশে পৌঁছেছে শিক্ষার্থী ভর্তির হার। একটি শিশুর শিক্ষার প্রাথমিক ভিত তৈরি হয় প্রাথমিক বিদ্যালয়ে। ভবন বা শ্রেণী সংকটের কারণে কাঙ্ক্ষিত সেই শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে শিশুরা। নিয়ম অনুযায়ী ৪০ জন শিক্ষার্থীর জন্য একটি শ্রেণীকক্ষ থাকার কথা থাকলেও সেই অনুপাত বিদ্যালয়েই দেখা যায় না। বর্তমান সরকার প্রতি বছর সফলভাবে কোটি কোটি শিক্ষার্থীর হাতে বিনামূল্যে পাঠ্যবই তুলে দিচ্ছে। শিক্ষার ক্ষেত্রে সরকারের বিভিন্ন ইতিবাচক ভূমিকা আন্তর্জাতিক পরিসরেও স্বীকৃত ও প্রশংসিত হয়ে আসছে। তারপরও আমাদের প্রায়ই শুনতে হয়, তৃণমূল পর্যায়ে অসংখ্য সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জরাজীর্ণ দশার কথা, অবস্থার কথা। যা অত্যন্ত দুঃখজনক।

প্রতিটি উপজেলায় বিভিন্ন পর্যায়ের জনপ্রতিনিধি আছেন, আছেন উপজেলা নির্বাহী কর্মকর্তাসহ শিক্ষা সংশ্লিষ্ট কর্মকর্তাও। শ্রেণীকক্ষসহ পর্যাপ্ত অবকাঠামোগত সুযোগ-সুবিধা মানসম্মত পাঠদানের পূর্বশর্ত। সবার জন্য শিক্ষাসহ টেকসই উন্নয়নের (এসডিজি) অর্জন, শতভাগ ভর্তি নিশ্চিতকরণ, ঝরে পড়ার হার হ্রাস, উপস্থিতির হার বৃদ্ধিসহ গুণগত মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করতে অবকাঠামো উন্নয়ন বা সংস্কারের বিকল্প নেই। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে উদ্যোগ নিয়ে মানিকগঞ্জের সাতটি উপজেলার ৮৩টি ঝুঁকিপূর্ণ পরিত্যক্ত প্রাথমিক বিদ্যালয় দ্রুত সংস্কার করে পাঠদানের উপযোগী করে তুলতে হবে। স্থানীয় পর্যায়ে যেসব জনপ্রতিনিধি ও শিক্ষা কর্মকর্তা রয়েছেন তাদের কাছ থেকে তথ্য নিয়ে দেশের অন্যান্য জেলায় এ ধরনের বিধ্বস্ত প্রাথমিক বিদ্যালয় থাকলে সেগুলোকে কার্যক্ষম করার জন্য পরিকল্পনা নিয়ে সেটা দ্রুত বাস্তবায়ন করতে হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং......
তারিখ......

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর